2 JAN 2017

# মাদারগঞ্জে শিক্ষা কর্তকর্তার বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

**■ মাদারগঞ্জ (জামালপুর) প্রতিনিধি**

মাদারগঞ্জ উপজেলা শিক্ষা কর্মকর্তা সিরাজুল ইসলামের বিরুদ্ধে প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়নের জন্য বরাদ্দ করা টাকা ব্যয়ে অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। শিক্ষা কর্মকর্তার দুর্নীতির বিরুদ্ধে শিক্ষকরা অভিযোগ করেও প্রতিকার পাচ্ছেন না।

শিক্ষকসহ বিভিন্ন বিদ্যালয়ের পরিচালনা কমিটির সদস্যরা জানান, উপজেলার ১৯৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মেরামতের জন্য গত অর্থবছরে, পাঁচ হাজার টাকা করে সরকারি বরাদ্দ দেওয়া হয়েছিল। বরাদ্দকৃত টাকা শিক্ষকদের অ্যাকাউন্টে জমা না করে সিরাজুল ইসলাম নিজ অ্যাকাউন্টে জমা করেন। পরে তিনি নিজ অ্যাকাউন্ট থেকে টাকা উত্তোলন করে তার ইচ্ছামতো দুই-তিন হাজার টাকা করে শিক্ষকদের মাঝে বিতরণ করেন। একইভাবে উপজেলার ১৯৪টি বিদ্যালয়ের প্রাক-প্রাথমিক শ্রেণির উপকরণের জন্য ক্রয়বাবদ বরাদ্দ পাঁচ হাজার টাকা বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের হিসাব নম্বরে জমা করে শিক্ষা কর্মকর্তা সিরাজুল ইসলাম নগদ টাকা বিতরণ করেন। পাঁচ হাজার টাকার পরিবর্তে তিনি দুই হাজার টাকা করে দেন। বই পরিবহন খরচ, উপবৃত্তি বিতরণ বাবদ শিক্ষকদের বরাদ্দকৃত টাকার সিংহভাগ সিরাজুল ইসলাম আত্মসাৎ করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে। এ বিষয়ে সিরাজুল ইসলাম বলেন, আমি কোনো দুর্নীতি করিনি। নিয়ম মেনে টাকা বিতরণ করা হয়েছে।